Registered No. DA-1

# The Bangladesh Gazette

## Extraordinary
## Published by Authority

MONDAY, OCTOBER 15, 1979

GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

MINISTRY OF FINANCE

**Internal Resources Division**

**(Customs)**

NOTIFICATION

**Dacca, the 15th October, 1979.**

**No. S.R.O. 294-L/79/508/Cus.**—In exercise of the powers conferred by section 19 of the Customs Act, 1969 (IV of 1969), and in supersession of its Notification No. S.R.O. 171-L/79/491/Cus, dated the 18th June, 1979, the Government is pleased to exempt all goods falling within Heading Number 27·06 of the First Schedule to the Tariff Act, 1934 (XXXII of 1934), from so much of the customs-duties leviable thereon as is in excess of 20% *ad valorem*.

By order of the President

TABARAK ALI
*Joint Secretary.*

**[C. No. 3(24)Cus. I/79]**



*Price: 50 Paisa.*

## MINISTRY OF COMMERCE

**Price Stabilization Wing**

NOTIFICATION

**Dacca, the 15th October, 1979.**

**No. COM/CG/PF-1(11)/73.**—In exercise of the powers conferred by clause 3 of the Essential Commodities Price and Distribution Control Order, 1975, I, M. R. Dewan, Controller-General of Prices and Supplies, Government of the People's Republic of Bangladesh, hereby fix the maximum retail selling price of one-band radio assembled by M/S. Universal Radio Service (Private) Ltd. Chittagong as under:—

| Description. | Quantity. | Maximum retail selling price per set. |
|---|---|---|
| 'UNISION' one band radio, Model No. SS-109. | 4,773 sets | Tk. 265·00 (Taka Two hundred and sixty-five only). |

M. R. DEWAN
*Controller General of Prices and Supplies.*

---

বাংলাদেশ নিম্নতম মজুরী বোর্ড

বিজ্ঞপ্তি

**ঢাকা, ১০ই অক্টোবর, ১৯৭৯**

নং মজুরী/৩১৮—১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশের (১৯৬১ সনের অধ্যাদেশ নং ৩৯) ৫(২) ধারা মোতাবেক এবং ১৯৬১ সনের নিম্নতম মজুরী আইনের ১৫(১) ধারার বিধান অনুযায়ী বাংলাদেশ নিম্নতম মজুরী বোর্ডের "অটোমোবাইল ওয়ার্কশপ" শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত শ্রমিকদের জন্য প্রণীত নিম্নতম মজুরীর "খসড়া সুপারিশ" (এতদসংগে প্রদত্ত) সাধারণের অবগতির জন্য অত্র বিজ্ঞপ্তি মারফত জানান যাইতেছে।

এই খসড়া সুপারিশের উপর যদি কাহারও কোন আপত্তি/তথ্যভিত্তিক বক্তব্য থাকে তাহা হইলে উক্ত "খসড়া সুপারিশ"সহ তাহাদের আপত্তি/তথ্যভিত্তিক বক্তব্য লিখিতভাবে বাংলাদেশ গেজেটে প্রকাশিত এই বিজ্ঞপ্তির তারিখ হইতে ১৪ দিনের মধ্যে চেয়ারম্যান, নিম্নতম মজুরী বোর্ড, ৪১/এ, চামেলীবাগ, ঢাকা-১৭ বরাবর পাঠাইতে হইবে। উক্ত সময়সীমা অতিবাহিত হইবার পর বোর্ড প্রাপ্ত আপত্তি বা বক্তব্য বিবেচনাক্রমে সরকারের নিকট সুপারিশ উপস্থাপন করিবেন।

বাংলাদেশ নিম্নতম মজুরী বোর্ডের আদেশক্রমে

আবদুর রাজ্জাক

চেয়ারম্যান,
নিম্নতম মজুরী বোর্ড,
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।

## অটোমোবাইল ওয়ার্কশপ শিল্প প্রতিষ্ঠান

## খসড়া সুপারিশ, ১৯৭৯

১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশের (অধ্যাদেশ নং ৩৯) বিধান অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ১৯৭৩ সনের ২৪শে আগস্ট অটোমোবাইল ওয়ার্কশপ শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত শ্রমিকদের নিম্নতম মজুরী ধার্যকল্পে সরকারী বিজ্ঞপ্তি নং এমএল/ছয়/আর-৪/৭৩/৪৭৬ মোতাবেক বোর্ড গঠন করেন এবং প্রয়োজনীয় তদন্তক্রমে উক্ত শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত শ্রমিকদের নিম্নতম মজুরী ধার্যের সুপারিশ করিবার জন্য বাংলাদেশ নিম্নতম মজুরী বোর্ডকে নির্দেশ দেন।

বোর্ড বাংলাদেশে অবস্থিত ছোট বড় বেশ কিছু সংখ্যক "অটোমোবাইল ওয়ার্কশপ" শিল্প প্রতিষ্ঠান পরিদর্শনক্রমে বিভিন্ন শ্রেণীর শ্রমিকদের কর্মাবস্থা, মজুরী রেজিস্টার, মালিকের মজুরী প্রদানের পদ্ধতি, অর্থনৈতিক অবস্থা, সকল শ্রমিকদের বিশেষ করিয়া "অটোমোবাইল ওয়ার্কশপ" শিল্প প্রতিষ্ঠানের শ্রমিকদের জীবিকা নির্বাহের ব্যয় সমেত আরও কতিপয় বিষয় পর্যবেক্ষণ করেন।

বোর্ড শিল্প প্রতিষ্ঠানের মালিক ও শ্রমিকদের পক্ষ হইতে প্রয়োজনীয় তথ্যাবলী সংগ্রহ করিয়া তাহার তদন্তকার্য সম্পন্ন করেন এবং ১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশের ৫ ধারা মোতাবেক গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিকট নিম্নলিখিত সুপারিশ পেশ করিতেছেনঃ—

১। বাংলাদেশে অবস্থিত সমস্ত অটোমোবাইল ওয়ার্কশপ শিল্প প্রতিষ্ঠানকে কাজের মান, কর্মরত শ্রমিক সংখ্যা, আয় ইত্যাদি বিবেচনাক্রমে (১) প্রথম শ্রেণী (ক), (২) প্রথম শ্রেণী (খ), (৩) দ্বিতীয় শ্রেণী ও (৪) তৃতীয় শ্রেণী মোট চার শ্রেণীতে শ্রেণীবিভক্ত করা হয় যাহা অত্রসহ প্রয়োজনীয় ব্যাখ্যাসহ "ক" পরিচ্ছেদে বলা হইয়াছে।

২। বাংলাদেশে অবস্থিত সকল অটোমোবাইল ওয়ার্কশপ শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত শ্রমিকদের জানামত পদ বা কাজসমূহকে তাহাদের কাজের প্রকৃতি, জ্ঞান, অভিজ্ঞতা, দক্ষতা, যোগ্যতা, প্রশিক্ষণের তারতম্য, শারীরিক মেহনত ও কাজের ঝুঁকি ইত্যাদি বিবেচনাক্রমে উচ্চতর দক্ষ, দক্ষ, আধা দক্ষ ও অদক্ষ এই চার শ্রেণীতে বিভক্ত করা হউক এবং ষ্টাফ শ্রেণী বিভাগ গ্রেড-১, গ্রেড-২ ও গ্রেড-৩ এই তিন শ্রেণীতে বিভক্ত করা হউক যাহা অত্রসহ "খ" পরিচ্ছেদে বলা হইয়াছে।

৩। এখন হইতে শিল্প প্রতিষ্ঠানের মালিক "খ" পরিচ্ছেদে লিখিত শ্রমিকদের পদবিন্যাস অনুযায়ী যথাযথ পদে সন্নিবেশিত করিয়া মজুরী রেজিস্টারভুক্ত করিবেন।

৪। যদি কোন কারণে কোন পদ "খ" পরিচ্ছেদে লিখিত না হয় তবে উক্ত শিল্প প্রতিষ্ঠানের মালিক অবশ্যই উক্ত পদ বা কাজের শ্রেণী নির্ধারণক্রমে এতদসংগে গ্রথিত "গ" পরিচ্ছেদে লিখিত নিম্নতম মজুরী প্রদান করিবেন এবং অনতিবিলম্বে এই সংশোধনের বিষয় নিম্নতম মজুরী বোর্ডের চেয়ারম্যানকে জানাইবেন।

৫। যদি কোন শিল্প প্রতিষ্ঠানে কোন শ্রমিক কন্ট্রাক্টরের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরী প্রাপ্ত হইয়া থাকেন তবে সেই শ্রমিক ১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশের ২(৯) ধারা অনুযায়ী "শ্রমিক" বলিয়া গণ্য হইবেন এবং উক্ত নিয়োগকারী কন্ট্রাক্টরও মালিকের ন্যায় উল্লিখিত ৪ নং সুপারিশ মোতাবেক কার্য করিবেন এবং উল্লিখিত শ্রমিকদিগের মজুরী রেজিস্টারভুক্ত করিতে হইবে এবং প্রয়োজনবোধে মজুরী স্লিপ প্রদান করিতে হইবে।

৬। শিল্প প্রতিষ্ঠানের মালিক তাহাদের বিভিন্ন পদে নিয়োজিত শ্রমিকদের (যাহাদের "খ" পরিচ্ছেদে বলা হইয়াছে) "গ" পরিচ্ছেদে নির্ধারিত নিম্নতম মজুরী অপেক্ষা কম দিতে পারিবেন না।

৭। নির্ধারিত নিম্নতম মজুরী যাহা "গ" পরিচ্ছেদে বলা হইয়াছে তাহা সর্বোচ্চ মজুরী হিসাবে গণ্য হইবে না এবং বর্তমানে নির্ধারিত মজুরী অপেক্ষা কোথাও যদি অধিকহারে মজুরী হইয়া থাকে তবে তাহা হ্রাস করা যাইবে না। অবশ্য নিয়োগ কর্তা/মালিক পক্ষ ইচ্ছা করিলে নিজেদের উদ্যোগে এককভাবে বা যৌথ চুক্তি অনুযায়ী অধিকতর যোগ্যতা সম্পন্ন শ্রমিককে বিশেষ অপর কোন কারণে উচ্চ হারে মজুরী প্রদান করিতে পারিবেন।

৮। যদি কোন শিল্প প্রতিষ্ঠানের মালিক শ্রমিকদেরকে ফুরণ ভিত্তিক মজুরী দিয়া থাকেন তবে তাহাদের এই সুপারিশ অনুযায়ী তাহাদের মজুরীর হার এইরূপ হারে সংশোধন করিতে হইবে যাহাতে তাহারা বিভিন্ন শ্রেণীভুক্ত শ্রমিকদের (যাহা "খ" পরিচ্ছেদে বলা হইয়াছে) জন্য নির্ধারিত নিম্নতম মজুরী অপেক্ষা কম না হয়। অন্যান্য ন্যায়সংগত সুযোগ-সুবিধা মালিক ও শ্রমিক পক্ষের প্রতিনিধিগণ নিজেদের মধ্যে আলাপ আলোচনার মাধ্যমে নির্ধারণ করিয়া লইতে পারিবেন।

**(আবদুর রাজ্জাক)**
চেয়ারম্যান।

---

**(এম, সিরাজুল ইসলাম)**
নির্দলীয় সদস্য।

**(আলী ইমাম)**
মালিক পক্ষের সদস্য।

**(কে, এ, করিম)**
মালিক পক্ষের সদস্য।

**(ফকির আমির হোসেন)**
শ্রমিক পক্ষের সদস্য।

**(মোখলেছুর রহমান)**
শ্রমিক পক্ষের সদস্য।

---

**"ক" পরিচ্ছেদ**

**অটোমোবাইল ওয়ার্কশপ্ শিল্প প্রতিষ্ঠানের শ্রেণী বিভাগ**

১। **প্রথম শ্রেণী** (ক) :

যে সকল অটোমোবাইল ওয়ার্কশপ শিল্প প্রতিষ্ঠানের নিম্নলিখিত ৭ প্রকার কাজের সুযোগ সুবিধা বিদ্যমান এবং কাজ সম্পন্ন হয় এই সকল শিল্প প্রতিষ্ঠান প্রথম শ্রেণী (ক)-এ অন্তর্ভুক্ত হইবে। কাজগুলি হইতেছে :—

১। ম্যাকানিকাল রিপিয়ারিং (মেজর)
২। ম্যাকানিক্যাল রিপিয়ারিং (মাইনর)
৩। টিনস্মিথ (ডেন্টিং)
৪। পেইন্টিং
৫। সার্ভিসিং
৬। মেশিনশপ (লেদ মেশিন)
৭। অটোমোবাইল ইলেকট্রিকাল ওয়ার্কস।

২। প্রথম শ্রেণী (খ)ঃ

শুধুমাত্র মেশিনশপ কাজ ব্যতিরেকে অন্যান্য উল্লিখিত ছয় রকমের কাজ যে সমুদয় ওয়ার্কস্ শিল্প প্রতিষ্ঠানে সম্পন্ন হয়।

৩। দ্বিতীয় শ্রেণীঃ

পাঁচের অধিক শ্রমিক দ্বারা পরিচালিত এবং মেশিনশপ নাই কিন্তু প্রথম শ্রেণী (ক)-এ উল্লিখিত কার্যের মধ্যে পাঁচ বা তাহার কম কাজ যেখানে সম্পন্ন হয়।

৪। তৃতীয় শ্রেণীঃ

পাঁচ বা তার কম শ্রমিক দ্বারা মেশিনশপ ব্যতিরেকে উল্লিখিত অন্য যে কোন কাজ সম্পন্ন করা হয় এইরূপ ওয়ার্কশপ এই শ্রেণীর আওতাভুক্ত।

## "খ" পরিচ্ছেদ

১। উচ্চতর দক্ষ ঃ

১। ফোরম্যান
২। সিনিয়র মেকানিকস/ফিটার

২। দক্ষঃ

১। মেকানিকস
২। অটো ইলেকট্রিশিয়ান
৩। মেশিনিষ্ট
৪। ডেন্টার, টিনস্মিথ, ওয়েল্ডার
৫। পেইন্টার
৬। টার্ণার

৩। আধা-দক্ষঃ

১। এসিষ্ট্যান্ট টু মেকানিকস
২। এসিষ্ট্যান্ট টু অটো ইলেকট্রিশিয়ান
৩। এসিষ্ট্যান্ট টু মেশিনিষ্ট
৪। এসিষ্ট্যান্ট টু ডেইন্টার, টিনস্মিথ, ওয়েল্ডার
৫। এসিষ্ট্যান্ট টু পেইন্টার
৬। সার্ভিসিং এটেনডেন্ট।

৪। অদক্ষঃ

ক্লিনার/অন্যান্য সাহায্যকারী।

"খ" বিভাগ

স্টাফ শ্রেণী বিভাগ

গ্রেড-১ঃ ক্যাশিয়ার, এসিষ্ট্যান্ট একাউন্ট্যান্ট ও ষ্টোর কিপার।

গ্রেড-২ঃ ষ্টোর এসিষ্ট্যান্ট, টাইপিষ্ট, ওয়ার্কশপ রিসিপশনিষ্ট, একাউন্টস ক্লার্ক, টেলিফোন অপারেটর ও টুল ষ্টোর এসিষ্ট্যান্ট, ড্রাইভার।

গ্রেড-৩ঃ পিয়ন, দারোয়ান, ষ্টোর এটেনডেন্ট, নাইট গার্ড, মালি ও সুইপার।

"গ" পরিচ্ছেদ

নিম্নতম মজুরী

"ক" বিভাগ

শিল্প প্রতিষ্ঠানের শ্রেণী বিভাগ

| শ্রমিক শ্রেণী বিভাগ: | প্রথম শ্রেণী (ক) | প্রথম শ্রেণী (খ) | দ্বিতীয় শ্রেণী: | তৃতীয় শ্রেণী: |
|---|---|---|---|---|
| ১। উচ্চতর দক্ষ | ৬০০ | ৫৮০ | ৫৬০ | ৫৪০ |
| ২। দক্ষ | ৫০০ | ৪৮০ | ৪৬০ | ৪৪০ |
| ৩। আধা-দক্ষ | ৪০০ | ৩৮০ | ৩৬০ | ৩৪০ |
| ৪। অদক্ষ | ৩০০ | ২৯০ | ২৮০ | ২৭০ |

"খ" বিভাগ

শিল্প প্রতিষ্ঠানের শ্রেণী বিভাগ

| ষ্টাফ শ্রেণী বিভাগ: | প্রথম শ্রেণী (ক) | প্রথম শ্রেণী (খ) | দ্বিতীয় শ্রেণী: | তৃতীয় শ্রেণী: |
|---|---|---|---|---|
| গ্রেড-১: | ৫০০ | ৪৮০ | ৪৬০ | ৪৪০ |
| গ্রেড-২: | ৪০০ | ৪৮০ | ৩৬০ | ৩৪০ |
| গ্রেড-৩: | ২৭০ | ২৭০ | ২৭০ | ২৭০ |

(কর্মরত ২৬ দিনে মাস এবং ৮ ঘণ্টায় দিন হিসাবে গণ্য করিতে হইবে)

Printed by the Officer-in-charge, Bangladesh Government Press, Dacca.
Published by the Assistant Controller-in-charge, Bangladesh Forms & Publications Office, Dacca.